

# নোবিপ্রবির সপ্তম উপাচার্য হিসেবে যোগ দিলেন অধ্যাপক ড. গোলাম রব্বানী

নোবিপ্রবি প্রতিনিধি

প্রকাশ: ১৫ মে, ২০২৬ ২২:০৫



ছবি : কালের কণ্ঠ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সপ্তম উপাচার্য হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গোলাম রব্বানী। শুক্রবার (১৫ মে) বিকেলে বিশ্ববিদ্যালয়ে

যোগদানের পর তাকে ফুলেল শুভেচ্ছা ও উষ্ণ অভ্যর্থনার মাধ্যমে বরণ করে নেয় বিশ্ববিদ্যালয় পরিবার।

বিকেল সাড়ে ৪টার দিকে নবনিযুক্ত উপাচার্য ক্যাম্পাসে পৌঁছালে নোবিপ্রবি বিএনসিসির একটি চৌকস দল তাঁকে গার্ড অব অনার ও লাল গালিচা সংবর্ধনা প্রদান করে।

পরে তিনি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর প্রশাসনিক ভবনে উপাচার্যের কার্যালয়ে গিয়ে যোগদানপত্রে স্বাক্ষরের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করেন।

দায়িত্ব গ্রহণের পর সংক্ষিপ্ত বক্তব্যে অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, ‘মাননীয় প্রধানমন্ত্রী আমাকে যে দায়িত্ব দিয়েছেন, তার জন্য আমি কৃতজ্ঞ।

আমার প্রধান লক্ষ্য হবে বিশ্ববিদ্যালয়কে আরো এগিয়ে নিয়ে যাওয়া। শিক্ষা, গবেষণা, খেলাধুলা ও সংস্কৃতির উন্নয়নে আমি সর্বোচ্চ চেষ্টা করব ইনশাআল্লাহ।’

তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল অংশীজন ও সাংবাদিকদের সহযোগিতাও কামনা করেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন অনুষদের ডিন এবং বিভিন্ন বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

এ সময় বিদায়ী উপাচার্য ড. মুহাম্মদ ইসমাইল নবনিযুক্ত  
উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা জানান এবং তাঁর সফলতা  
কামনা করেন।

প্রসঙ্গত, গত ১৪ মে শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে  
দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১১ জন উপাচার্যের  
রদবদল করা হয়। এর ধারাবাহিকতায় নোবিপ্রবির  
উপাচার্য হিসেবে নিয়োগ পান ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের  
(আইএসডব্লিউআর) অধ্যাপক ড. গোলাম রব্বানী।  
নিয়োগ পাওয়ার একদিন পরই তিনি নতুন দায়িত্বে  
যোগদান করেন।